

# ভিসির আশ্বাসে অনশন স্থগিত

স্টাফ রিপোর্টার, রাজশাহী

প্রকাশিত: ১৬:৪৬, ১৫ নভেম্বর ২০২৪



ভর্তি পরীক্ষায় পোষ্য কোটা বাতিলের দাবিতে প্রায় ১৮ ঘণ্টা আমরণ অনশনের পর উপাচার্যে আশ্বাসের প্রেক্ষিতে কর্মসূচি স্থগিত করেছে ৩ রাজশাহী বিশ্ববিদ্যালয়ের (রাবি) ছয় শিক্ষার্থী। রাতভ খোলা আকাশের নীচে থাকার পর আজ শুক্রবার (১৫ নভেম্বর) দুপুরে তারা আগামী সোমবার পর্যন্ত অনশন স্থগিত করেন।

এর আগে গত বৃহস্পতিবার বিকেলে রাবির ভর্তি পরীক্ষার বিজ্ঞপ্তি প্রকাশের পর সন্ধ্যা থেকে বিশ্ববিদ্যালয়ের শহীদ জোহা চত্বরে অনশনে বসেন তিনজন শিক্ষার্থী। পরে তাদের সাথে যোগ দেন আরও তিনজন। আন্দোলনে বসা শিক্ষার্থীরা হলেন, পপুলেশন সাইন্স অ্যান্ড হিউম্যান রিসোর্স বিভাগের শিক্ষার্থী মেহেদি হাসান মারুফ, সমাজকর্ম বিভাগের শিক্ষার্থী আবুল কলা আজাদ, ফার্সি বিভাগের শিক্ষার্থী ওয়াজেদ, ফোকলোর বিভাগের শিক্ষার্থী আল-শাহরিয়া শারিরীক শিক্ষা ও ক্রীড়াবিজ্ঞান বিভাগের শিক্ষার্থী মেহেদী হাসান মাসুম ও একজনের নাম জানা যায়নি।

অনশনে নেতৃত্ব দেয়া রাবি শিক্ষার্থী মেহেদী হাসান মারুফ জানান, উপাচার্য ইতিমধ্যে ভর্তি

সংক্রান্ত প্রেস রিলিজ ও ভর্তি বিজ্ঞপ্তি বাতিল করেছেন। পাশাপাশি আমাদের আশ্বস্ত করেছে রিভিউ কমিটি গঠনের মাধ্যমে আগামী সোমবারের মধ্যে ভর্তি বিজ্ঞপ্তিতে পোষ্য কোটা বিষয়ে নতুন সিদ্ধান্ত জানাবেন।

এ শিক্ষার্থী আরও জানান, আমরা আমাদের দাবিতে অটল। আমাদের বক্তব্য পরিষ্কার, পোষ্য কোটা পুরোপুরি বাতিল করতে হবে। এখানে চুল পরিমাণ ছাড় দেয়ার কোনো সুযোগ নাই উপাচার্য স্যারের কথা মতো আমরা আমাদের কর্মসূচী আগামী সোমবার পর্যন্ত আপাতত স্থগিত করেছি। যদি সামনে এই পোষ্য কোটা নিয়ে কোনো তালবাহানা করা হয় তাহলে আমরা আবার কঠোর থেকে কঠোরতর কর্মসূচির ডাক দিবো।

রাবিতে পোষ্য কোটা থাকছে না। আমরা পোষ্য কোটাকে যাদুঘরে পাঠাতে চাই। রাবিতে প্রথম পোষ্য কোটা চালু হয়েছিলো তাই রাবি থেকেই প্রথমে নির্মূল হয়ে যাবে এই নিকৃষ্ট ফাজলামে কোটা। - আরও যোগ করেন তিনি।

প্রসঙ্গত, বৃহস্পতিবার বিশ্ববিদ্যালয়ের ২০২৪-২৫ শিক্ষাবর্ষের পরীক্ষার ভর্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। বিজ্ঞপ্তি অনুযায়ী, ভর্তি পরীক্ষায় মুক্তিযোদ্ধা নাতি-নাতনি কোটা বাতিল করা হয়। তবে এ কোটায় শুধুমাত্র মুক্তিযোদ্ধাদের সন্তানদের বিবেচনা করা হবে। পোষ্য কোটা বহাল রেখে ১% কমিয়ে ৩% রাখা হয়েছে।